# Times Today BD

কাজী শহিদুল্লাহ তনয় | ঢাকা | 15 April, 2025

আশুলিয়ায় বৈষম্যবিরোধী ছাত্র-জনতার আন্দোলনে নির্বিচারে গুলি চালিয়ে হত্যা ও হত্যা চেষ্টার অভিযোগে এরশাদ হোসেন (৩৮) নামের এক যুবলীগ নেতাকে গ্রেপ্তার করেছে পুলিশ।

মঙ্গলবার (১৫ এপ্রিল) দুপুরে তাকে আদালতে পাঠানো হয়েছে। এর আগে, সোমবার (১৪ এপ্রিল) রাতে আশুলিয়ার পানধোয়া বাজার এলাকায় অভিযান চালিয়ে তাকে গ্রেপ্তার করা হয়।

গ্রেপ্তার মো. এরশাদ হোসেন ঢাকা জেলার আশুলিয়া থানাধীন পানধোয়া এলাকার মো. কালু মিয়ার ছেলে। তিনি আশুলিয়ার পাথালিয়া ইউনিয়ন ৫নং ওয়ার্ড যুবলীগের সাধারণ সম্পাদক ছিলেন।এছাড়া তিনি আওয়ামী লীগের প্রভাব বিস্তার করে এলাকায় ডিস ব্যবসা দখলসহ বিভিন্ন ধরনের আইনবিরোধী কার্যক্রমে জড়িত ছিলেন।তার বিরুদ্ধে একাধিক মামলা রয়েছে বলে জানিয়েছে পুলিশ।

পুলিশ জানায়, গত জুলাই-আগস্টের আন্দোলনে সাভার ও আশুলিয়ায় ছাত্র জনতার ওপর হামলা ও নির্বিচারে গুলি চালায় আওয়ামী লীগের নেতাকর্মী এবং তাদের দোসররা। এ ঘটনায় প্রায় শতাধিক ছাত্র-জনতা গুলিবিদ্ধ হয়ে মারা যান। পরে তাদের পরিবারের সদস্যরা হত্যা ও হত্যা চেষ্টা মামলা দায়ের করেন। সেই মামলায় জড়িত থাকার অভিযোগে রাতে গোপন সংবাদের ভিত্তিতে আশুলিয়ার পানধোয়া বাজার এলাকায় অভিযান চালিয়ে এরশাদকে গ্রেপ্তার করা হয়। বৈষম্যবিরোধী ছাত্র-জনতার আন্দোলনে সরকার পতনের পর থেকেই তিনি আত্মগোপনে ছিলেন।

আশুলিয়া থানার উপ-পরিদর্শক (এসআই) মো. মাহমুদুল হাসান জানান, দুপুরে ছাত্র-জনতার উপর হামলা মামলায় গ্রেপ্তার দেখিয়ে এরশাদকে আদালতে পাঠানো হয়েছে। এ ঘটনায় আইনানুগ কার্যক্রম প্রক্রিয়াধীন।

ছাত্র-জনতা মামলা যুবলীগ গ্রেপ্তার পুলিশ বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 June, 2025 02:24

URL: https://timestodaybd.com/dhaka/775807859